

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-০৭

২১ অক্টোবর, ২০০২ ইং  
তারিখঃ-----  
০৬ কার্তিক, ১৪০৯ বাং

সকল তফশীলি ব্যাংক

ও

আইপিডিসি

প্রিয় মহোদয়,

## একুইটি এন্ড অন্ট্রাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ)

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ২৪ জুন, ২০০২ তারিখের ইইএফ সার্কুলার নং-৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের ০৫.৩ নং অনুচ্ছেদে বর্ণিত শর্ত শিথিলপূর্বক এক্ষেণে মোট প্রকল্প ব্যয় (নীট চলতি মূলধন সহ) সফটওয়্যার শিল্পের ক্ষেত্রে ন্যূনতম ১.০০(এক) কোটি টাকা এবং অন্যান্য ক্ষেত্রে ১.৫০ কোটি (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকার স্থলে যথাক্রমে ৫০.০০(পঞ্চাশ) লক্ষ টাকা এবং অন্যান্য ক্ষেত্রে ১.০০(এক) কোটি টাকা নির্ধারণ করা হলো।

০৩। উক্ত সার্কুলারের ০৬.৬নং অনুচ্ছেদে বর্ণিত শর্ত শিথিলপূর্বক বাংলাদেশ সরকারের নামে ইস্যুকৃত কোম্পানীর শেয়ারসমূহ ইকুইটি সহায়তার অর্থের ১ম বিতরণের তারিখ হতে ৬(ছয়) বৎসরের স্থলে ৮(আট) বৎসরের মধ্যে সংশ্লিষ্ট কোম্পানীর শেয়ার হোল্ডারগণকে ত্রয় করে ফেরৎ (buy-back) নেয়ার বিধান চালু করা হলো। প্রথম তিন বৎসরের মধ্যে অভিহিত মূল্য (face value) এবং তিন বৎসর অতিবাহিত হওয়ার পর পরবর্তী ৫বৎসরের মধ্যে অভিহিত মূল্য ও ব্রেক আপ(break-up) মূল্যের মধ্যে যেটি বেশী হবে (স্বীকৃত চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্ম কর্তৃক নির্ণীতব্য) সে মূল্যে উক্ত শেয়ারসমূহ ত্রয় করে ফেরৎ (buy-back) নেয়া যাবে। ৮(আট) বৎসর অতিবাহিত হওয়ার পর অবিদ্রিত শেয়ারসমূহ ইইএফ ইউনিট অভিহিত মূল্য, ব্রেকআপ মূল্য বা বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত মূল্যের মধ্যে যেটি সর্বোচ্চ হবে সে মূল্যে আগ্রহী শেয়ারহোল্ডারগণ বা অন্য কোন ব্যক্তি/ কোম্পানীর নিকট বিক্রয় করতে পারবে।

জুন ২৪, ২০০২ তারিখের ইইএফ সার্কুলার নং-৬ এর অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

উপরোলিখিত সংশোধনীগুলি অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

আপনার বিশ্বস্ত,

(এ,টি,এম ফজলে রব)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯১২৬১০১-২০/৩১২৬